



অতিরিক্ত ডিআইজির বাসায় নিয়মিত ডিজে পার্টি, অংশ নিতেন যারা



ছবি: সংগৃহীত

পুলিশ সদরদপ্তরের এক অতিরিক্ত ডিআইজির ভাড়া দেওয়া বাসায় নিয়মিত ডিজে পার্টি ও সিসা সেবনের আসর বসত বলে জানিয়েছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গোয়েন্দা বিভাগ। ২০২৫ সাল থেকে চলা এসব আয়োজনে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, ব্যাংকার ও তরুণ-তরুণীরা অংশ নিতেন। অনলাইনে নিবন্ধনের মাধ্যমে প্রতি মাসে ২০ থেকে ২২টি পার্টির আয়োজন করা হতো।

বুধবার (২১ অক্টোবর) ডিএমপির গোয়েন্দা উত্তরা বিভাগের উপপুলিশ কমিশনার ইলিয়াস কবির জানান, গোপন তথ্যের ভিত্তিতে ওই বাসায় অভিযান চালানো হয়। সেখানে উচ্চ শব্দে গান বাজছিল এবং সিসা সেবনের কারণে পরিবেশ ধোঁয়াচ্ছন্ন ছিল। প্রতিটি আয়োজনে অংশগ্রহণকারীদের কাছ থেকে জনপ্রতি প্রায় ৬০০ টাকা নেওয়া হতো। বাড়িভাড়া বাবদও অর্থ লেনদেনের তথ্য পাওয়া গেছে।

পুলিশের তথ্য অনুযায়ী, এসব পার্টিতে ২৬ জন তরুণী ছিলেন। তাঁদের অধিকাংশের বয়স ২০ থেকে ২২ বছরের মধ্যে। তাঁদের মধ্যে বিভিন্ন সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পাশাপাশি ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্রীও ছিলেন। এয়ারবিএনবি ও ট্রাভেলা নামের অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করে এসব আয়োজন করা হতো।

এ ঘটনায় বাসা থেকে ৮৪ জনকে আটক করা হয়। পরে পুরুষদের এক মাসের কারাদণ্ড ও এক হাজার টাকা জরিমানা এবং নারীদের ১৫ দিনের কারাদণ্ড ও ৫০০ টাকা জরিমানা করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ।